পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
প্রধান কার্যালয়
রাঙ্গামাটি
পরিকল্পনা অধিশাখা
www.chtdb.gov.bd

নম্বর ২৯.৩১.২০৮৪.০০৮.৩১.০০১.১৯-৩৫

তারিখ ১৫ জ্যৈষ্ঠ ১৪২৭
২৯ মে ২০২০

শিক্ষাবৃত্তির আবেদন গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে "পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড শিক্ষাবৃত্তি" প্রদানের লক্ষ্যে দেশের বিভিন্ন কলেজ/ইনস্টিটিউট/বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক/সমমান ও স্নাতকোত্তর/সমমান পর্যায়ে অধ্যয়নরত রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার স্থায়ীভাবে বসবাসকারী বিভিন্ন সম্প্রদায়ের মেধাবী ছাত্র-ছাত্রী এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের কর্মকতা-কর্মচারীদের পোষ্যদের নিকট হতে **শুধুমাত্র অনলাইনে** শিক্ষাবৃত্তির জন্য আবেদন আহবান করা যাচ্ছে। বোর্ডের ওয়েবসাইট www.chtdb.gov.bd-এর হোম পেজে "অনলাইন সেবাসমূহ" মেনু থেকে "শিক্ষাবৃত্তির আবেদন" অংশে আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক নিম্নোক্ত সনদসমূহের মূলকপি স্ক্যান করে নির্ধারিত সাইজে আপলোড করে আবেদন সম্পন্ন করতে হবে:

১. স্ব স্ব জেলা প্রশাসক/সার্কেল চিফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদ;
২. উপজেলা চেয়ারম্যান/পৌর মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত পিতা/আইনানুগ অভিভাবকের বাৎসরিক আয়ের সনদ। পিতা/আইনানুগ অভিভাবক চাকুরিজীবী হলে চাকুরিরত প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত বাৎসরিক আয়ের সনদ;
৩. সর্বশেষ সেমিস্টার/লেভেল/বর্ষের নম্বরপত্র বা সার্টিফিকেট; (জানুয়ারি' ২০১৯ খ্রি: এর পূর্বে প্রকাশিত ফলাফল গ্রহণযোগ্য নহে);
৪. শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের স্বপক্ষে প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের প্রত্যয়ন পত্র অথবা অধ্যয়নরত কোর্সের শিক্ষার্থীর পরিচয় পত্র(উভয় পৃষ্ঠা);
৫. বিশেষ কোটার (যদি থাকে) স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদপত্র;
৬. আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০x৩০০) পিক্সেল, স্বাক্ষর (৩০০x৮০) পিক্সেল এবং অন্যান্য সনদ (১০০০x৭৫০) হতে হবে;

আবেদনকারী কর্তৃক দাখিলকৃত সনদপত্রসমূহ যাচাই-বাছাই এর নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করা হবে। সনদপত্রে কোনো প্রকার অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট আবেদনকারীর আবেদন বাতিলসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য, স্ক্যান ব্যতীত ছবি তুলে সংযুক্ত করা সনদপত্র গ্রহণযোগ্য হবে না। সেক্ষেত্রে, মোবাইলে সাপোর্ট করে এমন সফটওয়্যার দিয়ে স্ক্যান করে সংযুক্ত করা যেতে পারে।

আবেদনের সর্বশেষ সময়সীমা: ২০ জুন ২০২০ খ্রি: (রাত ১১.৫৯ ঘটিকা পর্যন্ত)

বিশেষ দ্রষ্টব্য: কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তির অংশবিশেষ পরিবর্তন/পরিবর্ধন/সংশোধনসহ এতদসংক্রান্ত যাবতীয় সিদ্ধান্ত গ্রহণের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।

২৯-৫-২০২০
ড. প্রকাশ কান্তি চৌধুরী
সদস্য-পরিকল্পনা
ফোন: ০৩৫১-৬৩৩১৫
ইমেইল: mp@chtdb.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) ভাইস-চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

২) সদস্য-প্রশাসন, সদস্য-প্রশাসন এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

৩) উপ-সচিব, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)

৪) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) সম্পাদক, দৈনিক সমকাল, টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ (আগামী ৩১/০৫/২০২০ খ্রি: তারিখের মধ্যে স্বল্পতম পরিসরে একবার প্রকাশ করে ০২ কপি সৌজন্য সংখ্যাসহ বিল দাখিলের অনুরোধসহ)

৬) সম্পাদক, দৈনিক পার্বত্য চট্টগ্রাম, পৌর মার্কেট, রাঙ্গামাটি (আগামী ৩১/০৫/২০২০ খ্রি: তারিখের মধ্যে স্বল্পতম পরিসরে একবার প্রকাশ করে ০২ কপি সৌজন্য সংখ্যাসহ বিল দাখিলের অনুরোধসহ)

৭) সম্পাদক, দৈনিক অরণ্যবার্তা, খাগড়াছড়ি (আগামী ৩১/০৫/২০২০ খ্রি: তারিখের মধ্যে স্বল্পতম পরিসরে একবার প্রকাশ করে ০২ কপি সৌজন্য সংখ্যাসহ বিল দাখিলের অনুরোধসহ)

৮) সম্পাদক, দৈনিক নতুন বাংলাদেশ, বান্দরবান (আগামী ৩১/০৫/২০২০ খ্রি: তারিখের মধ্যে স্বল্পতম পরিসরে একবার প্রকাশ করে ০২ কপি সৌজন্য সংখ্যাসহ বিল দাখিলের অনুরোধসহ)